

সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন

কমলপুর টাউনহলে ভোট-এ-থন অনুষ্ঠান

সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন কর্মসূচিতে ভোটারদের সচেতন করতে আজ কমলপুর টাউনহলে ‘ভোট-এ-থন’ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল। উপস্থিত ছিলেন ধলাই জেলার জেলাশাসক তথা ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার সাজু বাহিদ এ, ধলাই জেলার পুলিশ সুপার অবিলাশ রায়, অতিরিক্ত জেলাশাসক বিবেক এইচ বি, কমলপুর মহকুমার মহকুমা শাসক তথা ৪৫-কমলপুর বিধানসভা ক্ষেত্রের এআরও এল দার্লিং প্রমুখ।

অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল বলেন, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে নির্বাচন কমিশন সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। ৮৫ বছরের উর্ধ্ব এবং দিব্যাঙ্গজন ভোটারদের ভোটদান প্রক্রিয়ায় যুক্ত করতে তাদের বাড়ি বাড়ি গিয়ে ভোটগ্রহণ করা হচ্ছে। শান্তিপূর্ণভাবে লোকসভা নির্বাচনের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোট প্রক্রিয়া সম্পন্ন করতে গণতন্ত্রকে শক্তিশালী করতে স্বেচ্ছায় ভোট দেওয়ার জন্য মুখ্য নির্বাচন আধিকারিক ভোটারদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে ভোটার সচেতনতার জন্য ৪টি স্টল খোলা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার সাজু বাহিদ এ বলেন, ধলাই জেলায় ১,৬৬৪টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। জেলায় মহিলা ভোটকর্মীদের দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৬৭টি। মডেল ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৬২টি। দিব্যাঙ্গজন পরিচালিত ভোটকেন্দ্র রয়েছে ৩০টি। যুবদের দ্বারা পরিচালিত ভোটকেন্দ্র রয়েছে ৩০টি।

অনুষ্ঠান উপলক্ষে সকালে কমলপুর টাউনহল প্রাঙ্গণে আল্পনা অঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তাছাড়া পুরুষ ও মহিলাদের ম্যারাথন দৌড় প্রতিযোগিতারও আয়োজন করা হয়। মুখ্য নির্বাচন আধিকারিক ও অন্যান্য অতিথিগণ টাউনহল প্রাঙ্গণে ভোটার অঙ্গীকার ওয়ালে স্বাক্ষর করেন ও ভোটার সচেতনতার স্টলগুলি ঘুরে দেখেন। এরপর মুখ্য নির্বাচন আধিকারিক পতাকা নেড়ে ধলাই জেলার অন্তর্গত ৪টি মহকুমার জন্য ৪টি ভোটার সচেতনতা ভ্যানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগে বিজয়ীদের পুরস্কৃত করা হয়। আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও। পরে মুখ্য নির্বাচন আধিকারিক শ্রী আগরওয়াল কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ৪৫-কমলপুর এবং ৪৬-সুরমা (এসসি) নির্বাচনী ক্ষেত্রের স্ট্রংরুমগুলি পরিদর্শন করেন।